একটা উইল করা সম্বন্ধে আপনার নির্দেশিকা

The Law Society

কার একটা উইল করা উচিত

আপনার মৃত্যুর পরে আপনার সম্পত্তির কি হবে সে বিষয়ে আপনার মনে যদি কোনরকম ইচ্ছা থাকে, তাহলে আপনার একটা উইল করা উচিত। উইল না থাকলে, উত্তরাধিকারসূত্রে তা কারা পাবেন, সেটা রাষ্ট্রের নির্দেশ অনুযায়ী হবে। কাজেই আপনার বন্ধুবান্ধব, সবচেয়ে পছন্দের দাতব্য প্রতিষ্ঠানগুলি এবং আত্মীয়স্বজনরা হয়ত কিছুই পাবেন না।

আপনি যদি বিবাহিত না হন অথবা কোন রেজিস্ট্রার করা সিভিল (দেওয়ানী) দাম্পত্যের (একটা আইনগত ব্যবস্থা, যেটাতে একই-লিঙ্গের সঙ্গীদের বিবাহিত দম্পতির মত একই মর্যাদা দেওয়া হয়) মধ্যে না থাকেন, তাহলে এটা করা বিশেষভাবে গুরুত্বপূর্ণ। এর কারণ হচ্ছে যে আইন নিজে থেকে স্বীকার করে না যে যারা একসাথে বাস করেন (যে সঙ্গীরা একসাথে বসবাস করেন) তাদের, স্বামী, স্ত্রী ও সিভিল দম্পতিদের মত একই অধিকার আছে। সেইজন্য, বহু বছর ধরে আপনারা একসাথে বসবাস করলেও, আপনি উইল না করলে আপনার সাথে যিনি বাস করেন, তিনি কিছুই না পেতে পারেন।

আপনার যদি ছেলেমেয়ে থাকে অথবা যারা নিজেদের দেখাশোনা করতে পারবেন না এরকম কেউ আপনার ওপর নির্ভরশীল থাকেন, তাহলেও একটা উইল করাটা অত্যাবশ্যক। আপনার যদি মৃত্যু হয়, তাহলে উইল না থাকলে, তাদের দেখাশোনা কে করবেন অথবা তাদের খরচ কে বহন করবেন, সে বিষয়ে অনিশ্চয়তা থাকতে পারে।

আপনি যেসব জিনিষের মালিক, সেগুলির ওপর ইনহেরিটেন্স ট্যাক্সের প্রভাব কি ভাবে পড়বে সে বিষয়েও আপনার সলিসিটার আপনাকে উপদেশ দিতে পারবেন।

তাছাড়াও, উইল করা সম্বন্ধে আপনার আইন সংক্রান্ত উপদেশ নেওয়া উচিত যদি:

- আপনার ওপরে আর্থিকভাবে নির্ভরশীল বলে, অনেকেই আপনার সম্পত্তির ওপর দাবি জানাতে পারেন;
- আপনি কোন ট্রাস্টকে আপনার উইলের অন্তর্গত করতে চান (হয়ত আপনার শিশু সন্তান বা কোন প্রতিবন্ধী লোকের ভরণপোষণ করার জন্য, ট্যাক্স বাঁচানোর জন্য, অথবা আপনার মৃত্যুর পরে কোন উপায়ে শুধুমাত্র আপনার ধনসম্পত্তিকে রক্ষা করার জন্য);
- আপনার স্থায়ী বাসস্থান ইউনাইটেড কিংডম-এ নয় অথবা আপনি একজন ব্রিটিশ নাগরিক নন;
- আপনি এই দেশে বসবাস করেন, কিন্তু বিদেশে আপনার সম্পত্তি আছে; অথবা
- আপনি কোন ব্যবসার মালিক অথবা অংশীদার হন।

উইল করা হয়ে যাওয়ার পর, আপনার পরিস্থিতির কিছু পরিবর্তনের ফলে - (যেমন, বিয়ে, সিভিল পার্টনারশিপ, আলাদা হয়ে যাওয়া, বিবাহবিচ্ছেদ অথবা আপনার সিভিল পার্টনারশিপ যদি বাতিল হয়ে যায় (আইনগতভাবে ভেঙ্গে দেওয়া হয়)) - আপনার উইলের পুরোটা অথবা অংশবিশেষ অবৈধ হয়ে যেতে পারে অথবা উপযুক্ত নাও থাকতে পারে। এর মানে এই যে, আপনার জীবনের বড় পরিবর্তনগুলি অনুযায়ী আপনার উইল যাতে সঠিক থাকে, তারজন্য উইলটা আপনার নিয়মিতভাবে পুনর্বিচার করে দেখতে হবে। আপনার উইল সাম্প্রতিক করার জন্য কি কি পরিবর্তন করা দরকার হতে পারে, তা আপনার সলিসিটার আপনাকে বলে দিতে পারবেন।

একজন সলিসিটার ব্যবহার করা

যদিও একজন সলিসিটারের সাহায্য ছাড়াই উইল লেখা সম্ভব, সাধারণতঃ এটা করা উচিত নয়, কারণ আপনার উইলের বৈধতা নিশ্চিত করার জন্য আইন সংক্রান্ত বিভিন্ন কাজ আপনার রীতিগতভাবে করা দরকার। একজন বিশেষজ্ঞের সাহায্য ছাড়া, আপনার ভুল হওয়ার একটা প্রকৃত ঝুঁকি আছে, এবং সেরকম কোন ভুল হলে, আপনার মৃত্যুর পরে আপনার পরিবার ও বন্ধুবান্ধবদের সমস্যা হতে পারে।

একজন সলিসিটার খুঁজে পাওয়া

আপনার যদি একটা উইল করার দরকার হয় অথচ আপনার কোন সলিসিটার না থাকে, তাহলে আপনার এলাকার সলিসিটারদের সম্বন্ধে তথ্যের জন্য, www.lawsociety.org.uk/findasolicitor ঠিকানায় আমাদের ওয়েবসাইটে 'Wills and Probate' (উইলস্ এ্যান্ড প্রোবেট) শিরনামের তলায় দেখবেন। অথবা 0870 606 2555 নম্বরে আপনি টেলিফোন করতে পারেন।

আপনার সলিসিটারের কি জানা দরকার

আপনি একজন সলিসিটারকে নিয়োগ করার পর, আপনার কাছ থেকে নিচের তথ্যগুলি তার জানা দরকার হবে।

আপনার কি আছে

সম্পত্তি, গাড়ি, ব্যক্তিগত দামি জিনিষ, স্টকস্ এবং শেয়ারস্ (সরকারের নেওয়া ঋণের স্বীকারপত্র অথবা বাণিজ্যপ্রতিষ্ঠানের অংশীদারত্বের কাগজপত্র), ব্যাঙ্কের এ্যাকাউন্ট, বীমার (ইন্‌সিওরেন্স) পলিসি, আপনার মালিকানার কোন ব্যবসা এবং পেন্‌শন সমেত, আপনার যা আছে সে সবকিছু সম্বন্ধে তথ্য।

কে কোনটা পাবে

এই সব জিনিষপত্র আপনি কার জন্য রেখে যেতে চান? আপনার ভালবাসার লোকজন, বন্ধুবান্ধব অথবা দাতব্য প্রতিষ্ঠানের মধ্যে আপনি আপনার সম্পত্তি কিভাবে ভাগ করতে চান? এই উপহারগুলির ওপর আপনি কি কোন শর্ত আরোপ করতে চান (যেমন, অল্পবয়সী ছেলেমেয়েদের জন্য রেখে যাওয়া টাকাপয়সা তাদের দেওয়ার আগে, তাদের একটা নির্দিষ্ট বয়স হতে হবে)?

পরিবার এবং অন্যান্য প্রাপকরা

আপনার পরিবার ও আপনার পরিস্থিতির বিশদ বিবরণ। আপনার কি বিবাহবিচ্ছেদ হয়েছে অথবা আপনার সিভিল পার্টনারশিপ কি আইনগতভাবে ভেঙ্গে গেছে? আপনি কি আবার বিয়ে করেছেন অথবা কোন নতুন সিভিল পার্টনারশিপ করেছেন? অথবা আপনি কি বিয়ে বা সিভিল পার্টনারশিপ না করে কারুর সাথে বসবাস করছেন? আপনার কি কোন সন্তান আছে অথবা আপনার ওপর নির্ভরশীল অন্য কেউ কি আছেন? আপনার ওপর আর্থিকভাবে নির্ভরশীল কোন ব্যক্তি যদি মনে করেন যে আপনি তার জন্য যথাযথ ব্যবস্থা করেননি, তাহলে তিনি আপনার উইলটার পুনর্বিচার করার জন্য আদালতকে অনুরোধ করতে পারেন। আপনি যদি আপনার সলিসিটারকে সব প্রাসঙ্গিক তথ্য দেন, তাহলে তিনি আইনের দিক থেকে কোন বিপদ থাকলে তা আপনাকে বলে দিতে পারবেন।

অভিভাবক

আপনার যদি কোন সন্তান থাকে যাদের বয়স আপনার মৃত্যুর সময় 18 বছরের কম থাকতে পারে, তাহলে তাদের আইনগত অভিভাবক হিসাবে আপনার হয়ত কারুর নাম বলে দেওয়ার প্রয়োজন হতে পারে।

অন্যান্য ইচ্ছা

আপনার শেষকৃত্যের জন্য আপনার কি কোন বিশেষ ইচ্ছা আছে? আপনি কি চান যে আপনাকে কবর দেওয়া হোক অথবা পোড়ানো হোক? আর কি কোন নির্দেশ আছে? যেমন, আপনি যদি আপনার শরীরের কোন অঙ্গ দান করতে চান, তাহলে সেটা আপনার উইলের অন্তর্ভুক্ত করা যেতে পারে। তবে, অর্গান-ডোনার রেজিস্টারে (অঙ্গদাতাদের খাতায়) আপনার ইচ্ছা লিখিয়ে রাখা, অথবা একটা অর্গান-ডোনার কার্ড সাথে রাখাটাও বুদ্ধিমানের কাজ।

আপনার উইলের এক্সেকিউটররা

আপনার উইলের 'এক্সেকিউটর' হিসাবে আপনি যাদের চান - যারা আপনার মৃত্যুর পরে আপনার উইল অনুসারে প্রয়োজনীয় কাজকর্ম যারা পরিচালনা করবেন, তাদের নামও আপনাকে অবশ্যই বলে দিতে হবে। এরা আপনার বন্ধুবান্ধব বা পরিবারের লোক হতে পারেন, অথবা সলিসিটারের মত কোন একজন পেশাদার লোক হতে পারেন। একজন বন্ধু বা পরিবারের লোক এবং একজন পেশাদার ব্যক্তির মিশ্রণ থাকাটা ভাল। আর্থিক ব্যাপার সম্বন্ধে জানেন এরকম কাউকে পছন্দ করলে সবচেয়ে ভাল হয়। যেহেতু দীর্ঘকাল ধরে এই দায়িত্ব থাকতে পারে, বিশেষ করে কোন ট্রাস্ট যদি আপনার উইলের অন্তর্ভুক্ত থাকে, সেইজন্য, এই কর্তব্য করতে তারা রাজী আছেন কিনা তা অবশ্যই আপনার এক্সেকিউটারদের জিজ্ঞাসা করে নেবেন। আপনার থেকে কম বয়সের কাউকে এই কাজটা করার অনুরোধ করা ভাল।

উইলে সই করা

উইল লেখা হয়ে যাওয়ার পরে, সই না করা পর্যন্ত এটা কার্যকরী হয় না। এই সই করার পদ্ধতির জন্য বিভিন্ন ধরনের নিয়ম আছে এবং এই নিয়মগুলি ঠিকমত মেনে না চলা হলে আপনার উইলটা অবৈধ হয়ে যাবে। যেমন, সাক্ষীরা এবং তাদের স্বামী, স্ত্রী বা সিভিল পার্টনাররা এই উইলের থেকে কোন কিছু পেতে পারবেন না। এই সমস্যাটা এড়ানোর উদ্দেশ্যে, বহু লোক তাদের সাক্ষী হিসাবে সলিসিটারের অফিসের কর্মচারীদের ব্যবহার করেন।

একটা উইল করা সম্বন্ধে আপনার নির্দেশিকা

The Law Society

উইলটা কোথায় রাখবেন

আপনার উইলটা একটা নিরাপদ জায়গায় রাখা গুরুত্বপূর্ণ এবং সেটা কোথায় আছে তা আপনার এক্সেকিউটরদের অথবা একজন ঘনিষ্ঠ বন্ধু বা আত্মীয়কে জানিয়ে রাখবেন। প্রায়ই লোকে তাদের সলিসিটারকে উইলটা জমা রাখতে বলেন। বেশীরভাগ সলিসিটাররাই এটা বিনাপয়সায় করেন, তবে কোন কোন সময় অল্প একটা ফী দিতে হয়।

আপনার উইলটা সাম্প্রতিক রাখা

অন্ততঃ প্রতি পাঁচ বছর অন্তর, এবং আলাদা হয়ে যাওয়া, বিয়ে বা বিবাহ-বিচ্ছেদ হওয়া, বাচ্চা হওয়া, অথবা বাড়ি বদল করার মত জীবনের কোন পরিবর্তনের পর, আপনার উইলটা পুনর্বিচার করে দেখা উচিত। বড় রকমের পরিবর্তন হলে, একটা নতুন উইল তৈরী করাই সবচেয়ে ভাল। কিন্তু, আপনার বর্তমান উইলে ছোটখাট পরিবর্তন (অথবা 'কোডিসিল' - ক্রোড়পত্র) করা সম্ভব। এই দুই ক্ষেত্রেই সলিসিটারের পরামর্শ নেওয়া ভাল।

খরচ

বিভিন্ন সলিসিটারদের মধ্যে, উইল তৈরী করার খরচের তফাৎ হতে পারে। তাছাড়াও, খরচটা নির্ভর করে:

- সলিসিটারের অভিজ্ঞতা ও জ্ঞানের ওপর; এবং
- আপনার উইল কতটা জটিল, তার ওপর।

আপনি কাকে ব্যবহার করবেন তা ঠিক করার আগে, কয়েকজন স্থানীয় সলিসিটারের কাছ থেকে জেনে নেবেন যে তারা কত চার্জ করেন। কিন্তু মনে রাখবেন যে শুধু খরচটাই একমাত্র বিবেচনার বিষয় নয়। আপনি যার কাছে সহজে যেতে পারবেন এবং যার উপদেশ আপনি বুঝতে পারবেন, এরকম একজন সলিসিটার খুঁজে বের করাও সমান গুরুত্বপূর্ণ।

আরও তথ্য

সবচেয়ে বেশী যে সব ধরণের আইন সংক্রান্ত পরিষেবা (সার্ভিস) সলিসিটাররা দিয়ে থাকেন, সে বিষয়ে একগুচ্ছ প্রচারপত্রের (লিফলেটের) মধ্যে এটা হচ্ছে একটা। এই শ্রেণীর অন্যান্য প্রচারপত্রগুলির নাম নিচে দেওয়া হয়েছে। আপনার সলিসিটারের কাছ থেকে অথবা 0870 3333 084 নম্বরে ল সোসাইটিকে টেলিফোন করে এগুলি আপনি পেতে পারেন।

- একটা বসতবাড়ি কেনা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- বিবাহ-বিচ্ছেদ করা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- কাজের জায়গার সমস্যা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- ব্যবসা শুরু করা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- ব্যক্তিগত আঘাতের জন্য ক্ষতিপূরণ দাবি করা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- বয়স্ক ব্যক্তিদের অর্থ সংক্রান্ত বিষয়ে আপনার নির্দেশিকা
- আপনার সঙ্গীর সাথে বসবাস করতে শুরু করা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- আপনার সম্পত্তি ভাড়া দেওয়া সম্বন্ধে আপনার নির্দেশিকা
- একটা বসতবাড়ি ভাড়া নেওয়া সম্বন্ধে আপনার নির্দেশিকা
- একজন সলিসিটার ব্যবহার করা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- প্রোবেট সম্বন্ধে আপনার নির্দেশিকা
- অ্যাসাইলাম (আশ্রয়) প্রার্থনা করা সম্বন্ধে আপনার নির্দেশিকা

আপনি এই প্রচারপত্রটি বড় ছাপায়, ব্রেইল-এ, কানে শোনার টেপ-এ এবং সিডিতে পেতে পারেন। আপনার যদি এই সংস্করণগুলির কোনটা দরকার হয়, তাহলে দয়া করে accessibility@lawsociety.org.uk ঠিকানায় ইমেইলে আমাদের সাথে যোগাযোগ করবেন অথবা 0870 606 2555 নম্বরে টেলিফোন করবেন।

এই প্রচারপত্রটি আপনি বিভিন্ন ভাষায়ও পেতে পারেন। www.lawsociety.org.uk ঠিকানায় আমাদের ওয়েবসাইটে গেলে আপনি এগুলি পাবেন।

Lexcel
Look for Lexcel - the mark of excellence

The Law Society 113 Chancery Lane London WC2A 1PL টেলিফোন: 020 7242 1222 www.lawsociety.org.uk

যদিও আমরা সঠিক তথ্য দেওয়ার জন্য যথাসাধ্য চেষ্টা করেছি, সবসময়ই আইনের পরিবর্তন হয় এবং তার প্রভাব বিভিন্ন লোকের ওপর বিভিন্নভাবে পড়ে। আপনার সম্বন্ধে ব্যক্তিগতভাবে আপনাকে বিশেষ উপদেশ দেওয়ার বিকল্প এই প্রচারপত্রটি (লিফলেটটি) নয় এবং আপনি এই প্রচারপত্রটির ওপর নির্ভর করলে, আপনার কাছে আমরা দায়ী হব না।

Designed by dmlmarketing.co.uk Version 2, 2007 Your guide to making a will - Bengali